# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin
**Date 08-08-2026 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর-

(১ )প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আইআইটি দিল্লির ৫৭তম সমাবর্তন অনুষ্ঠানের ভাষণে  ছাত্র ছাত্রীদের জাতীয় স্বার্থে কাজ করার আহ্বান জানিয়েছেন।
২) ঝাড়খণ্ডে  জে পি এস সি  এবং জে এস এস সি পরীক্ষায় কথিত অনিয়মের অভিযোগকে কেন্দ্র করে চলতি বিক্ষোভের মধ্যেই ঝাড়খণ্ড সরকার আজও ছাত্রদের একটি প্রতিনিধি দলের সাথে বৈঠকে বসেছে ।

৩) ভারতের পেমেন্ট কাউন্সিল পিসিআই জানিয়েছে, উপভোক্তাদের জন্য ইউপিআই পরিষেবা বিনামূল্যেই পাওয়া যাবে।
৪) হিমাচল প্রদেশের চাম্বা জেলায় আজ সকালে এক পথ দুর্ঘটনায় সাত জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। আহত আরও ১১।
(৫) ভারত প্রস্তাবিত বিদেশি অনুদান নিয়ন্ত্রণ সংশোধনী বিল নিয়ে এক মার্কিন আইন প্রণেতার আপত্তি খারিজ করে দিয়ে বলেছে, সংসদে গৃহীত আইনী সিদ্ধান্তগুলি দেশের অভ্যন্তরীণ বিষয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আইআইটি দিল্লির ৫৭তম সমাবর্তন অনুষ্ঠানের ভাষণে ছাত্র ছাত্রীদের জাতীয় স্বার্থে কাজ করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, তাঁদের সিদ্ধান্তের কেন্দ্রে দেশের উপকারের চিন্তা ভাবনা রাখা জরুরি। শ্রী মোদী বলেন

প্রতিটা প্রজন্ম নির্দিষ্ট চ্যালেঞ্জের সম্মুখীন হয়, সেই প্রেক্ষিতেই তাঁদের জাতির প্রতি দায়িত্ব পালন করতে হয়। তিনি বলেন, যাঁরা স্নাতক হয়েছেন , তাঁরা বিকশিত ভারতের লক্ষ্যে আগামী তিরিশ থেকে পঁয়ত্রিশ বছর কাজ করবেন ।

(বাইট – মোদী)

প্রধানমন্ত্রী জানান দেশের নতুন নতুন ক্ষেত্র উদ্ভাবন হচ্ছে একই সঙ্গে যুবকদের সামনে নতুন সুযোগের সৃষ্টি হচ্ছে। তিনি সেমী কন্ডাকটর , মহাকাশ এবং ড্রোন ও অন্যান্য অনেক ক্ষেত্রেই ভারত আত্মনির্ভর হচ্ছে বলে উল্লেখ করেন। বিকশিত ভারতের লক্ষ্যে আত্মনির্ভরতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তিনি মনে করেন।

(বাইট – মোদী)

প্রধানমন্ত্রী সমাজ মাধ্যমের বিকৃতির বিষয়েও মন্তব্য করেন। একই সঙ্গে তাঁদের কাজের ক্ষেত্রে অন্যের সঙ্গে তুলনা করা থেকেও বিরত থাকার আহ্বান জানান তিনি।

oooooooooooooooooooooo

ঝাড়খণ্ডে জে পি এস সি এবং জে এস এস সি পরীক্ষায় কথিত অনিয়মের অভিযোগকে কেন্দ্র করে চলতি বিক্ষোভের মধ্যেই ঝাড়খণ্ড সরকার আজও ছাত্রদের একটি প্রতিনিধি দলের সাথে বৈঠকে বসেছে। রাঁচির রাজ্য সরকারের গেস্ট হাউসে এই বৈঠকে বিক্ষোভকারী ছাত্র এবং চাকরিপ্রার্থীদের ৮ সদস্যের একটি প্রতিনিধি দল সরকারি আধিকারিকদের সঙ্গে আলোচনায় অংশ নিচ্ছে। পরীক্ষায় অনিয়মের অভিযোগকে কেন্দ্র করে গত দু সপ্তাহ ধরে চলা বিক্ষোভের পরে এই বৈঠকের আয়োজন করা হয়। গতকাল সন্ধ্যায় সরকার এবং বিক্ষোভকারী ছাত্রদের প্রতিনিধিদের মধ্যে প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়।

এদিকে মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন বলেছেন, সরকার ছাত্রছাত্রীদের সমস্ত উদ্বেগ নিরসনে প্রতিশ্রুতিবদ্ধ এবং আলোচনার মাধ্যমেই এই সমস্যার সমাধান করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের পেমেন্ট কাউন্সিল পিসিআই জানিয়েছে, উপভোক্তাদের জন্য ইউপিআই পরিষেবা বিনামূল্যেই পাওয়া যাবে। পিসিআই এর এক বিবৃতিতে স্পষ্ট জানানো হয়েছে, প্রত্যেক ভারতীয় নাগরিক, ট্রানজাকশন বা লেনদেনের কোনোরকম চার্জ ছাড়াই তাৎক্ষনিক ডিজিটাল পেমেন্ট করতে পারবেন। এই ডিজিটাল পেমেন্ট গ্রহণ করার জন্য ক্ষুদ্র ব্যবসায়ীদের কোনোরকম চার্জ দিতে হবে না। ব্যাঙ্ক, অর্থনৈতিক প্রযুক্তি সংস্থা, এনপিসিআই এবং রিজার্ভ ব্যাঙ্ক, ইউপিআই-এর বিশ্বাসযোগ্যতা বজায় রাখতে প্রযুক্তি, সাইবার নিরাপত্তা এবং প্রতারণা ও জালিয়াতি রোধে বিশেষ উদ্যোগ নিচ্ছে বলেও পিসিআই স্পষ্ট জানিয়েছে।

পেমেন্ট কাউন্সিলের ঐ বিবৃতিতে এও জানানো হয়েছে, কোনো বাণিজ্যিক পরিষেবা ক্ষেত্রে ধার্য করা চার্জ শুধুমাত্র বাণিজ্যিক লেনদেনকারীদের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। এক্ষেত্রে উপভোক্তাদের ডিজিটাল পেমেন্টের জন্য আলাদা করে কোনো চার্জ দিতে হবে না। ইউপিআই-কে দেশের অন্যতম গুরুত্বপূর্ণ পরিকাঠামো হিসাবে উল্লেখ করে পিসিআই-এর তরফে এও বলা হয়েছে, অধিকাংশ নাগরিক এই পরিষেবা প্রায় প্রতিদিন ব্যবহার করে থাকেন। ইউপিআই লেনদেন বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিনিয়োগ, নিরাপত্তা, উদ্ভাবন ও পরিকাঠামো সহ বিভিন্ন ক্ষেত্রেরও বিকাশ হচ্ছে এবং আগামী দিনে ব্যবসায়ী ও উপভোক্তাদের জন্য ইউপিআই এক অত্যাবশ্যক পরিষেবা হিসাবে আত্মপ্রকাশ করবে বলেও পিসিআই-এর পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

'আয়ুষ্মান ভারত ডিজিট্যাল মিশন'-এর আওতায় জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের স্ক্যান ও শেয়ার সার্ভিস, ২৫ কোটি OPD রেজিস্ট্রেশনের ঐতিহাসিক মাইলফলক অতিক্রম

করেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, দেশ জুড়ে 'আভা' ডিজিট্যাল স্বাস্থ্য পরিষেবা চালু হওয়ার পরেই উল্লেখযোগ্য এই অগ্রগতি পরিলক্ষিত হয়। শুধুমাত্র QR কোড স্ক্যান করার মাধ্যমে, রোগীদের হাসপাতালগুলিতে আউটডোরে দেখানোর জন্য ডিজিট্যাল রেজিস্ট্রেশন সম্পূর্ণ করার লক্ষ্যে ২০২২-এর অক্টোবর মাসে স্ক্যান ও শেয়ার সার্ভিস চালু হয়। বর্তমানে ৩৬ টি রাজ্য ও কেন্দ্রশাস্তি অঞ্চলে ৭৫৬টি জেলার ৩০ হাজার ৮০০ স্বাস্থ্য কেন্দ্রে এই পরিষেবা চালু রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হিমাচল প্রদেশের চাম্বা জেলায় আজ সকালে এক পথ দুর্ঘটনায় সাত জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। আহত আরও ১১। চুরা বিধানসভা কেন্দ্রের তিসা পুলিশ স্টেশনের অন্তর্গত বৈরাগড়ের চালুন্জ মোড়ের কাছে এই দুর্ঘটনা ঘটে। প্রাথমিক ভাবে জানা গেছে,আজ সকাল ৭ টা ১৫ মিনিট নাগাদ,বৈরাগড় থেকে চাম্বা যাওয়ার পথে একটি বেসরকারি বাস নিয়ন্ত্রণ হারিয়ে নিচের একটি রাস্তায় পড়ে যায়। চাম্বার পুলিশ সুপার বিজয় সাকলানি জানিয়েছেন, দুর্ঘটনার খবর পাওয়ার পরেই পুলিশ এবং উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করে।
কি কারনে দুর্ঘটনা তা খতিয়ে দেখা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই দুর্ঘটনায় মৃতদের প্রতি গভীর শোক প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ মুম্বইয়ে 'ন্যাশনাল আরবান কো-অপারেটিভ ফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড' (NUCFDC)-এর নতুন কার্যালয়ের উদ্বোধন করবেন। এদিন মহারাষ্ট্রের বিভিন্ন রাজ্য আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক ফেডারেশন এবং জেলা স্তরের সমবায় সমিতিগুলির প্রতিনিধিদের সঙ্গেও মতবিনিময় করবেন তিনি।

অনুষ্ঠানে NUCFDC এবং 'ন্যাশনাল ফরেনসিক সায়েন্সেস ইউনিভার্সিটি'র মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হবে। এই উদ্যোগের মাধ্যমে আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কগুলির সাইবার নিরাপত্তা ও প্রযুক্তিগত ব্যবস্থা আরও উন্নত করা হবে।

এরপর মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশের সঙ্গে বিএসই ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এক অনুষ্ঠানে যোগ দেবেন শ্রী শাহ। সেখানে 'সিকিউরিটি অপারেশনস সেন্টার'-এর উদ্বোধন করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

oooooooooooooooooooooo

ভোপালে চলতি ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির সাংস্কৃতিক শীর্ষ সম্মেলনের ফাঁকে বিদেশি প্রতিনিধিরা গতকাল শহরের ঐতিহ্যপূর্ণ স্থান এবং প্রাকৃতিক সৌন্দর্য পরিদর্শন করেন। তাঁরা গোহর মহল, ইকবাল ময়দান এবং মোতি মসজিদ দেখার পাশাপাশি বন বিহার পার্কও ঘুরে দেখেন।আপার লেকে শিকারা বিহার করেন।চক বাজার,নয়া বাজার এবং ভোপাল হাটে ঘুরে আঞ্চলিক হস্তশিল্প এবং সংস্কৃতি উপভোগ করেন। ইরান,চিন এবং অন্যান্য দেশের প্রতিনিধিরা ভোপালের উষ্ণ আতিথেয়তার প্রশংসা করেন। ভারত-ইরানের দীর্ঘদিনের সাংস্কৃতিক বন্ধনের কথা তুলে ধরেন ইরানের প্রতিনিধারা।চিনের প্রতিনিধি দলের পক্ষ থেকে বলা হয়েছে,মধ্যপ্রদেশের প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য গোটা বিশ্বের দরবারে তুলে ধরার বিষয়ে জোর দিয়েছেন।

oooooooooooooooooooooo

ভারত, প্রস্তাবিত বিদেশী অনুদান নিয়ন্ত্রণ সংশোধনী বিল নিয়ে এক মার্কিন আইন প্রণেতার আপত্তি খারিজ করে দিয়ে বলেছে, সংসদে গৃহীত আইনী সিদ্ধান্তগুলি দেশের অভ্যন্তরীন বিষয়। বিদেশমন্ত্রকের মুখপাত্র রনধীর জয়সওয়াল নতুন দিল্লীতে গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র সহ বহু দেশই আছে যারা বিদেশী অনুদান নিয়ন্ত্রণ করে।

ভারতীয় জাহাজ এবং নাবিকদের নিরাপত্তা প্রসঙ্গে শ্রী জয়সওয়াল বলেন, নতুন দিল্লী বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনা করছে। তিনি বলেন, উপসাগরীয় এলাকায় ভারতীয় মিশনগুলির সঙ্গে জাহাজ ও জলপথ মন্ত্রক নিরন্তর যোগাযোগ রেখে চলেছে। যেকোনো পরয়োজনে সহায়তার জন্য ২৪ ঘন্টার হেল্পলাইনও খোলা হয়েছে। গত কয়েকমাস ধরেই এই হেল্পলাইনগুলি চালু রয়েছে। আন্তর্জাতিক জলপথ দিয়ে নিরাপদ ও অবাধ বাণিজ্য সুনিশ্চিত করতে ভারত সওয়াল করে যাবে বলে তিনি জানান। নাগরিক পরিকাঠামো, যাত্রীবাহী বা বাণিজ্যিক জাহাজ ও নাবিকদের আক্রমণের লক্ষ্যবস্তু না করার জন্য ভারত ফের একবার আবেদন জানিয়েছে।

পাকিস্তান ও সোমালিয়ার মধ্যে স্বাক্ষরিত সাম্প্রতিক প্রতিরক্ষা চুক্তির বিষয়ে শ্রী জয়সওয়াল বলেন, ভারত বিষয়টির ওপর লক্ষ্য রেখে চলেছে। ভারত আফ্রকা ফোরাম শীর্ষ সম্মেলন আয়োজনের বিষয়ে ভারত আগ্রহী। যত দ্রুত সম্ভব এই সম্মেলনের সম্ভাব্য দিক=নক্ষন স্থির করা হবে বলে জয়সওয়াল জানান।

oooooooooooooooooooooo

ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু, ভারতের সঙ্গে বিভিন্ন ক্ষেত্রে অংশীদারীত্বের অগ্রগতির দিকটি পর্যালোচনার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন। গতকাল এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী মোদীর এক বার্তার জবাবে দুই নেতার আলোচনার প্রসঙ্গ উত্থাপন করেন তিনি। গত বৃহস্পতিবার সন্ধ্যায় দুই নেতা ভারত ইজরায়েল বিশেষ কৌশোলগত অংশীদারীত্বের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। কথা বলেন পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতি নিয়েও।

এই বার্তালাপে উভয় নেতাই দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করা নিয়ে নিজেদের দায়বদ্ধতার কথা পুনর্ব্যক্ত করেছেন।

oooooooooooooooooooooo

ভারতীয় আবহাওয়া দফতর আজ রাজস্থান ও ওড়িশায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির জন্য কমলা সতর্কতা জারি করেছে। লাক্ষাদ্বীপ, উত্তর কর্ণাটক, তামিলনাড়ু, পুদুচেরি ও কারাইকাল অঞ্চলে বজ্রবিদ্যুৎসহ ঝোড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে। আগামী দুই থেকে তিন দিন দেশের বিভিন্ন অংশে বজ্রবিদ্যুৎসহ ভারী বৃষ্টিরও পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooo

চূড়ান্ত খারাপ আবহাওয়ার কারনে জম্মু - শ্রীনগর জাতীয় সড়কে ধস নামার জন্য , জম্মু থেকে বালতাল পর্যন্ত শ্রী অমরনাথ জী যাত্রা স্থগিত রাখা হয়েছে। তবে বালতাল থেকে পবিত্র গুহা অভিমুখে যাত্রা অব্যাহত রয়েছে। আজ এখনও পর্যন্ত ১২-শো তীর্থযাত্রী পবিত্র গুহা দর্শন করেছেন। যে সমস্ত তীর্থযাত্রী দর্শন করে ফিরেছেন,তাঁদের বালতাল থেকে জম্মু ফেরার অনুমতি দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব অ্যান্তোনিও গুতারেস, পাক অধিকৃত জম্মু কাশ্মীরে POJK তে আন্দোলনকারীদের হত্যার নিরপেক্ষ তদন্তের আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রসঙ্ঘের ডেপুটি মুখপাত্র ফারহান হক বলেছেন, শান্তিপূর্ণ আন্দোলনের ওপর হামলা চালানো হলে তার দায় নিতেই হবে।

এর আগে, রাষ্ট্রসঙ্ঘের মানবাধিকার সংক্রান্ত হাই কমিশনার ভলকার তুর্কও বিক্ষোভ চলাকালীন আন্দোলনকারী এবং নিরপত্তা রক্ষীর মৃত্যুর দ্রুত, পূর্ণাঙ্গ এবং নিরপেক্ষ তদন্ত দাবী করেন। POJKতে তথাকথিত নির্বাচনে দুর্নীতির অভিযোগে ব্যপক প্রতিবাদ আন্দোলনের মধ্যেই এই তদন্তের ডাক দেওয়া হয়েছে। জানা গেছে, জয়েন্ট আওয়ামি অ্যাকশন কমিটি JAACরে নেতৃত্বে চলা ঐ বিক্ষোভে ৫০ জনের বেশী আন্দোলনকারী প্রাণ হারিয়েছেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo